শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

স্মারকনং-৪৬.০০.০০০০.০১৮.২৩.০০১.১৭-৩৯২

তারিখ : ০৩ ভাদ্র ১৪২৮
১৮ আগস্ট ২০২১

# নির্দেশিকা

**বিষয়ঃ জন্ম ও মৃত্যু নিবন্ধন নির্দেশিকা ২০২১।**

জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমে অধিকতর গতিশীলতা আনয়ন এবং যথাসময়ে নিবন্ধন ও সনদ প্রদান নিশ্চিতকরণের লক্ষ্যে এ বিষয়ে পূর্বের নির্দেশিকা রহিতক্রমে জন্ম ও মৃত্যু নিবন্ধন নির্দেশিকা ২০২১ প্রণয়ন করা হল:

০২। জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন ২০০৪ ( ২০১৩ সালে সংশোধিত) এবং জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা ২০১৮ -এর মাধ্যমে বাংলাদেশে জন্ম ও মৃত্যু নিবন্ধনের একটি পূর্ণাঙ্গ প্রাতিষ্ঠানিক কাঠামো প্রতিষ্ঠিত হয়েছে। এই আইনে জন্ম ও মৃত্যু নিবন্ধনকে সার্বজনীন ঘোষণা করে জাতি, ধর্ম, বর্ণ, গোষ্ঠী, লিঙ্গ নির্বিশেষে সকলের জন্ম ও মৃত্যু নিবন্ধন নিবন্ধকের জন্য বাধ্যতামূলক করা হয়েছে।

০৩। আইনে নিবন্ধকের দায়িত্ব ও ক্ষমতা সুস্পষ্টভাবে বর্ণিত হয়েছে। নিবন্ধক সকল ব্যক্তির জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিত করবেন। তিনি তথ্যের সত্যতা যাচাইয়ের জন্য নিজে অথবা অন্য কাউকে ক্ষমতা প্রদানপূর্বক তদন্ত করতে পারবেন। আইনের বিধান লঙ্ঘিত হলে অর্থাৎ যথা সময়ে জন্ম ও মৃত্যুর তথ্য প্রদানে ব্যর্থ হলে কোন ব্যক্তিকে নিবন্ধক আইন অনুযায়ী তথ্য প্রদানের জন্য নোটিশ করতে পারবেন। প্রয়োজনে সাক্ষ্য প্রদানের কোন ব্যক্তিকে নোটিশ প্রদান করাও নিবন্ধকের এখতিয়ারভুক্ত বিষয়।

০৪। আইন অনুযায়ী জন্ম ও মৃত্যু নিবন্ধনের মূল দায়িত্ব নিবন্ধকের। কিন্তু পরিসংখ্যান বিশ্লেষণে দেখা যায় আইনে বর্ণিত ৪৫ দিনের সময়সীমার মধ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধনের হার সন্তোষজনক নয়। এতে প্রতীয়মান হয় অন্যান্য কাজের ভিড়ে নিবন্ধক কার্যালয়ে জন্ম ও মৃত্যু নিবন্ধনকে অনেক ক্ষেত্রে যথাযথ গুরুত্ব প্রদান করা হয়না। এ অবস্থা নিরসনকল্পে এখন থেকে জন্ম ও মৃত্যু নিবন্ধনকে নিবন্ধক কার্যালয়ের অগ্রাধিকার প্রাপ্ত কাজ হিসাবে বিবেচনা করতে হবে। জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমে সংশ্লিষ্ট অন্য সকল কর্তৃপক্ষ বা দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি-কর্মচারী সহায়ক ভূমিকা পালন করবেন, তবে সকলের জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিত করতে হবে নিবন্ধককে।

০৫। এসডিজি এবং এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় দেশসমূহে গৃহীত সিআরভিএস (CRVS) দশকের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য নিবন্ধক উদ্ভাবনমূলক উদ্যোগসহ সর্বাত্মক ব্যবস্থা গ্রহণ করবেন। স্বাস্থ্য সেবায় নিয়োজিত মা কর্মীদের নিকট থেকে নিবন্ধক কার্যালয়ের মাসিক সভায় প্রাপ্ত তথ্যের ভিত্তিতে তিনি শিশুর জন্ম-পূর্ব সময়ে পরিবারের নিকট অভিনন্দন বার্তাসহ জন্ম নিবন্ধন আবেদন ফরম প্রেরণ করবেন। অনুরূপভাবে ইউপি সদস্য, গ্রাম পুলিশ এবং অন্যান্য সূত্রে মৃত্যু সংবাদ প্রাপ্তির পর নিবন্ধক শোকবার্তাসহ মৃত্যু নিবন্ধন আবেদন ফরম পরিবারের নিকট প্রেরণ করবেন। গ্রাম পুলিশ-কর্মচারীর মাধ্যমে এই ফরম ও নিবন্ধন সনদ বিতরণ এবং আবেদনপত্র সংগ্রহ করা হবে।

০৬। আইন ও বিধির আলোকে পর্যাপ্ত পরিদর্শন, সহায়ক তত্ত্বাবধান এবং নিবিড় পরিবীক্ষণের মাধ্যমে নিবন্ধন কার্যালয়ের সক্ষমতা বৃদ্ধি করতে হবে। জন্ম ও মৃত্যু নিবন্ধনে দক্ষতাকে ইউনিয়ন পরিষদ পৌরসভা এবং সিটি কর্পোরেশনের কর্ম সম্পাদন (performance) মূল্যায়নের অন্যতম গুরুত্বপূর্ণ সূচক হিসাবে বিবেচনা করা হবে।

০৭। নির্ধারিত সময়ে জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিতকরণ, নিবন্ধন কার্যক্রম পরিদর্শন, তত্ত্বধান ও পরিবীক্ষণ এবং প্রয়োজনীয় সহায়তা প্রদানের উদ্দেশ্যে নিম্নোক্তভাবে বিভিন্ন পর্যায়ে টাস্ক ফোর্সসমূহ গঠন করা হল:

## ১. বিভাগীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন টাস্ক ফোর্স:

| গঠন | দায়িত্ব |
|---|---|
| ১. বিভাগীয় কমিশনার - সভাপতি | • জেলা টাস্ক ফোর্সের কার্যাবলি তত্ত্বাবধান; |
| ২. সকল জেলা প্রশাসক - সদস্য | • জন্ম ও মৃত্যু নিবন্ধনের বিষয়টিকে ক্রস কাটিং ইস্যুতে পরিণত করার জন্য অন্যান্য কার্যক্রম বা বিষয়াদির সাথে সম্পৃক্ত করা; |
| ৩. পরিচালক, স্বাস্থ্য - সদস্য | |
| ৪. পরিচালক, পরিবার পরিকল্পনা - সদস্য | |
| ৫. উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা - সদস্য | • স্থূল জন্ম ও মৃত্যু হার অনুযায়ী বিভাগের জন্ম-মৃত্যু নিবন্ধনের লক্ষ্যমাত্রা নির্ধারণ; |
| ৬. উপপরিচালক, শিক্ষা - সদস্য | |
| ৭. এনজিও প্রতিনিধি - ৩ জন (সভাপতি কর্তৃক মনোনীত) -সদস্য | • জেলা থেকে প্রাপ্ত জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ক তথ্য ত্রৈমাসিক ভিত্তিতে একত্রীভূত করে নির্ধারিত সময়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়ে প্রেরণ; |
| ৮. উন্নয়ন সহযোগী সংস্থার প্রতিনিধি ১ জন (সভাপতি কর্তৃক মনোনীত) - সদস্য | |
| ৯. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন অথবা তাঁর মনোনীত প্রতিনিধি - সদস্য | • মাসিক সভায় নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে জন্ম ও মৃত্যু নিবন্ধনের অগ্রগতি মূল্যায়ন এবং তার ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; |
| ১০. পরিচালক, স্থানীয় সরকার - সদস্য সচিব | |

## ২. সিটি কর্পোরেশন জন্ম ও মৃত্যু নিবন্ধন টাস্ক ফোর্স:

| গঠন | দায়িত্ব |
|---|---|
| ১. মেয়র, সিটি কর্পোরেশন- উপদেষ্টা | • ওয়ার্ড টাস্ক ফোর্সের কার্যাবলি তত্ত্বাবধান; |
| ২. প্রধান নির্বাহী কর্মকর্তা - সভাপতি | • জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত কর্মসূচির জন্য অর্থের সংস্থান করা; |
| ৩. প্রধান স্বাস্থ্য কর্মকর্তা - সদস্য-সচিব | |
| ৪. পরিচালক, স্থানীয় সরকার - সদস্য | • জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ক সামাজিক সচেতনতা সৃষ্টির লক্ষ্যে উদ্বুদ্ধকরণ ও প্রচারণা কার্যক্রম পরিচালনা; |
| ৫. আরবান প্রাইমারি হেলথকেয়ার প্রকল্পের প্রতিনিধি - সদস্য | |
| ৬. এনজিও প্রতিনিধি ৩ জন (মেয়র মহোদয়ের সাথে আলোচনাক্রমে সভাপতি কর্তৃক মনোনীত) - সদস্য | • স্থূল জন্ম ও মৃত্যু হার অনুযায়ী সিটি কর্পোরেশনের ওয়ার্ড ভিত্তিক জন্ম-মৃত্যু নিবন্ধনের লক্ষ্যমাত্রা নির্ধারণ; |
| ৭. স্থানীয় সমাজ কর্মী ২ জন (মেয়র মহোদয়ের সাথে আলোচনাক্রমে সভাপতি কর্তৃক মনোনীত) - সদস্য | • ইপিআই কর্মসূচির আওতায় টিকা কেন্দ্রে শিশুদের জন্ম তথ্য সংগ্রহ, জন্ম ও মৃত্যু নিবন্ধন আবেদন ফরম এবং জন্ম সনদপত্র বিতরণ নিশ্চিত করা; |
| ৮. সকল কাউন্সিলর - সদস্য | |
| ৯. সামাজিক নেতা ২ জন (মেয়র মহোদয়ের সাথে আলোচনাক্রমে সভাপতি কর্তৃক মনোনীত) - সদস্য | • জন্ম ও মৃত্যু নিবন্ধনের অগ্রগতির প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়ে প্রেরণ; |
| ১০. উন্নয়ন সহযোগী সংস্থার প্রতিনিধি ২ জন (মেয়র মহোদয়ের সাথে আলোচনাক্রমে সভাপতি কর্তৃক মনোনীত) - সদস্য | • মাসিক সভায় নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে জন্ম ও মৃত্যু নিবন্ধনের অগ্রগতি পর্যালোচনা করা; এবং<br>• সকলের জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিত করতে সার্বিক ব্যবস্থা গ্রহণ। |

**৩. জেলা জন্ম ও মৃত্যু নিবন্ধন টাস্ক ফোর্স:**

| গঠন | দায়িত্ব |
|---|---|
| ১.জেলা প্রশাসক - সভাপতি<br>২.সিভিল সার্জন - সদস্য<br>৩. উপ-পরিচালক স্থানীয় সরকার -সদস্য সচিব<br>৪. অতিঃ জেলা প্রশাসক (/শিঃ ও উঃ) - সদস্য<br>৫. উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা - সদস্য<br>৬. সকল উপজেলা নির্বাহী কর্মকর্তা - সদস্য<br>৭. সকল পৌর মেয়র - সদস্য<br>৮. জেলা শিক্ষা অফিসার - সদস্য<br>৯. জেলা তথ্য কর্মকর্তা - সদস্য<br>১০. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার - সদস্য<br>১১. জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা - সদস্য<br>১২. এনজিও প্রতিনিধি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) ৩ জন - সদস্য<br>১৩. উন্নয়ন সহযোগী সংস্থার প্রতিনিধি - সদস্য | • সংশ্লিষ্ট উপজেলা, ক্যান্টনমেন্ট বোর্ড এবং পৌরসভা টাস্ক ফোর্সের কার্যক্রম তত্ত্বাবধান; প্রয়োজনীয় সহায়তা ও প্রণোদনা প্রদান;<br>• বিধি ২ (১৯) অনুযায়ী সরকারি পরিদর্শক নিয়োগ;<br>• জন্ম ও মৃত্যু নিবন্ধনের গুরুত্ব সম্পর্কে প্রচার এবং এ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির জন্য সামাজিক উদ্বুদ্ধকরণ ও বিশেষ কার্যক্রম পরিচালনা করা;<br>• স্থুল জন্ম ও মৃত্যু হার অনুযায়ী জেলা এবং সংশ্লিষ্ট উপজেলাসমূহের জন্ম-মৃত্যু নিবন্ধনের লক্ষ্যমাত্রা নির্ধারণ;<br>• সকল উপজেলা, পৌরসভা ও ক্যান্টবোর্ড থেকে প্রাপ্ত জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ক অগ্রগতির প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে বিভাগীয় কমিশনারের নিকট প্রেরণ; এবং<br>• জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় পরিদর্শন ও পরিসংখ্যান প্রতিবেদন পর্যালোচনা এবং নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে জন্ম ও মৃত্যু নিবন্ধনের অগ্রগতি মূল্যায়নপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। |

**৪. উপজেলা জন্ম ও মৃত্যু নিবন্ধন টাস্ক ফোর্স:**

| গঠন | দায়িত্ব |
|---|---|
| ১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ - উপদেষ্টা<br>২. উপজেলা নির্বাহী কর্মকর্তা - সভাপতি<br>৩. সকল ইউপি চেয়ারম্যান - সদস্য<br>৪. পৌর মেয়র/প্রতিনিধি - সদস্য<br>৫. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা - সদস্য<br>৬. সহকারী কমিশনার (ভূমি) - সদস্য<br>৭. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা - সদস্য<br>৮. সমাজসেবা কর্মকর্তা - সদস্য<br>৯. মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা - সদস্য<br>১০. প্রাথমিক শিক্ষা কর্মকর্তা - সদস্য<br>১১. পরিসংখ্যান কর্মকর্তা - সদস্য<br>১২. মহিলা বিষয়ক কর্মকর্তা - সদস্য<br>১৩. স্থানীয় প্রেসক্লাবের সভাপতি/সম্পাদক - সদস্য<br>১৪. এনজিও প্রতিনিধি (ইউএনও কর্তৃক মনোনীত) ২ জন - সদস্য<br>১৫. স্থানীয় সমাজকর্মী (ইউএনও কর্তৃক মনোনীত) ২ জন - সদস্য<br>১৬. সদস্য-সচিব (উপজেলা পরিষদ চেয়ারম্যান এর সাথে আলোচনাক্রমে উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত) | • ইউনিয়ন টাস্ক ফোর্সের কার্যাবলি তত্ত্বাবধান ও প্রয়োজনীয় সহায়তা প্রদান;<br>• জন্ম ও মৃত্যু নিবন্ধনের গুরুত্ব সম্পর্কে প্রচার এবং এ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির জন্য সামাজিক উদ্বুদ্ধ করণ ও বিশেষ কার্যক্রম পরিচালনা করা;<br>• স্থুল জন্ম ও মৃত্যু হার অনুযায়ী ইউনিয়ন এবং উপজেলার জন্ম-মৃত্যু নিবন্ধনের লক্ষ্যমাত্রা নির্ধারণ ও সরবরাহ;<br>• জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের ওপর নিবন্ধক কার্যালয়ের কর্মকর্তা ও অন্যান্যদের প্রশিক্ষণ প্রদান;<br>• বিধি ২(১৯) অনুযায়ী সরকারি পরিদর্শক নিয়োগ;<br>• জেলা প্রশাসকের নিকট পরিদর্শন প্রতিবেদন এবং ত্রৈমাসিক পরিসংখ্যান প্রতিবেদন প্রেরণ; এবং<br>• উপজেলা পরিষদের মাসিক সভায় পরিদর্শন ও পরিসংখ্যান প্রতিবেদন পর্যালোচনা এবং নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে জন্ম ও মৃত্যু নিবন্ধনের অগ্রগতি মূল্যায়নপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। |

### ৫. পৌরসভা জন্ম ও মৃত্যু নিবন্ধন টাস্ক ফোর্স:

| গঠন | দায়িত্ব |
| --- | --- |
| ১. পৌর মেয়র - সভাপতি<br>২. প্রধান নির্বাহী কর্মকর্তা - সহসভাপতি<br>৩. সকল কাউন্সিলর- সদস্য<br>৪. পৌরসভা সচিব - সদস্য<br>৫. মেডিকেল কর্মকর্তা - সদস্য<br>৬.সিভিল সার্জন/ উপজেলা স্বাঃ ও পঃ পঃ কর্মকর্তার প্রতিনিধি - সদস্য<br>৭. উপ-পরিচালক পঃ পঃ/ উপজেলা পঃ পঃ কর্মকর্তার প্রতিনিধি - সদস্য<br>৮. এনজিও প্রতিনিধি (পৌর মেয়র কর্তৃক মনোনীত) ২ জন - সদস্য<br>৯. স্থানীয় সমাজ কর্মী (পৌর মেয়র কর্তৃক মনোনীত) ২ জন - সদস্য<br>১০. স্যানিটারি ইন্সপেক্টর - সদস্য সচিব | • ওয়ার্ড টাস্ক ফোর্সের কার্যাবলি তত্ত্বাবধান ও প্রয়োজনীয় সহায়তা প্রদান;<br>• জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত কর্মসূচি সফল করতে অর্থের সংস্থান;<br>• স্থূল জন্ম ও মৃত্যু হার অনুযায়ী পৌরসভার জন্ম-মৃত্যু নিবন্ধনের লক্ষ্যমাত্রা নির্ধারণ;<br>• স্বাস্থ্য কর্মী ও অন্যান্য কর্মচারীর মাধ্যমে জন্ম ও মৃত্যু সংক্রান্ত তথ্য সংগ্রহ, অভিনন্দনপত্র ও শোকবার্তাসহ জন্ম ও মৃত্যু নিবন্ধন আবেদন ফরম বিতরণ এবং নিবন্ধন শেষে সনদ বিতরণ;<br>• ইপিআই কর্মসূচির আওতায় টিকা কেন্দ্রে আগত শিশুদের জন্ম তথ্য সংগ্রহক্রমে জন্ম নিবন্ধন এবং সনদ পত্র বিতরণ নিশ্চিত করা;<br>• জন্ম ও মৃত্যু নিবন্ধনের গুরুত্ব সম্পর্কে প্রচার এবং এ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির জন্য সামাজিক উদ্বুদ্ধকরণ ও বিশেষ কার্যক্রম পরিচালনা করা;<br>• জন্ম ও মৃত্যু নিবন্ধন কর্মসূচির অগ্রগতির প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে জেলা প্রশাসকের নিকট প্রেরণ;<br>• পৌরসভায় মাসিক সভায় নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে জন্ম ও মৃত্যু নিবন্ধনের অগ্রগতি মূল্যায়ন এবং তার ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; এবং<br>• সকলের জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিত করতে সার্বিক ব্যবস্থা গ্রহণ। |

### ৬. ক্যান্টনমেন্ট বোর্ড জন্ম ও মৃত্যু নিবন্ধন টাস্ক ফোর্স:

| গঠন | দায়িত্ব |
| --- | --- |
| ১. ক্যান্টনমেন্ট নির্বাহী কর্মকর্তা - সভাপতি<br>২. সিভিল সার্জনের প্রতিনিধি/ক্যান্টমন্টে মেডিকেল অফিসার - সদস্য<br>৩. কনজারভ্যান্সি অফিসার/স্যানিটারি ইন্সপেক্টর - সদস্য<br>৪.সহকারী সচিব, ক্যান্টনমেন্ট বোর্ড- সদস্য সচিব | • জন্ম ও মৃত্যু নিবন্ধনের গুরুত্ব সম্পর্কে প্রচার এবং এ বিষয়ে জন সচেতনতা বৃদ্ধির জন্য সামাজিক উদ্বুদ্ধকরণ ও বিশেষ কার্যক্রম পরিচালনা করা;<br>• স্থূল জন্ম ও মৃত্যু হার অনুযায়ী ক্যান্টনমেন্ট এলাকার জন্ম-মৃত্যু নিবন্ধনের লক্ষ্যমাত্রা নির্ধারণ;<br>• স্বাস্থ্য কর্মী ও অন্যান্য কর্মচারীর মাধ্যমে জন্ম ও মৃত্যু সংক্রান্ত তথ্য সংগ্রহ, অভিনন্দনপত্র ও শোকবার্তাসহ আবেদন ফরম বিতরণ এবং নিবন্ধন শেষে সনদ বিতরণ;<br>• জন্ম ও মৃত্যু নিবন্ধন অগ্রগতির প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে জেলা প্রশাসকের নিকট প্রেরণ;<br>• মাসিক সভায় নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে জন্ম ও মৃত্যু নিবন্ধনের অগ্রগতি মূল্যায়ন এবং তার ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; এবং<br>• সকলের জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিত করতে সার্বিক ব্যবস্থা গ্রহণ। |

**৭. ইউনিয়ন জন্ম ও মৃত্যু নিবন্ধন টাস্ক ফোর্স:**

| গঠন | দায়িত্ব |
|---|---|
| ১. ইউপি চেয়ারম্যান - সভাপতি<br>২. সকল ইউপি সদস্য - সদস্য<br>৩. সহকারী স্বাস্থ্য পরিদর্শক - সদস্য<br>৪. পরিবার পরিকল্পনা পরিদর্শক - সদস্য<br>৫. এনজিও প্রতিনিধি (চেয়ারম্যান কর্তৃক মনোনীত) ২ জন - সদস্য<br>৬. স্থানীয় সমাজকর্মী (চেয়ারম্যান মনোনীত) ২ জন - সদস্য<br>৭. ইউপি সচিব - সদস্য সচিব | • ওয়ার্ড টাস্ক ফোর্সের কার্যাবলি তত্ত্বাবধান;<br>• জন্ম ও মৃত্যু নিবন্ধনের গুরুত্ব সম্পর্কে প্রচার এবং এ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির জন্য ওয়ার্ড সভা এবং অন্যান্য উপযুক্ত ফোরামে নিয়মিত আলোচনা;<br>• স্বাস্থ্য বিভাগ ও পরিবার কল্যাণ বিভাগের মাঠকর্মী এবং গ্রামপুলিশ-কর্মচারীদের মাধ্যমে জন্ম ও মৃত্যু সংক্রান্ত তথ্য সংগ্রহ, অভিনন্দনপত্র ও শোকবার্তাসহ জন্ম ও মৃত্যু নিবন্ধন আবেদন ফরম বিতরণ এবং নিবন্ধন শেষে সনদ বিতরণ;<br>• জানুয়ারি মাসে পূর্ববর্তী বছরের রেজিস্টারসমূহ বাঁধাই করে জেলা প্রশাসকের রেকর্ডরুমে প্রেরণ;<br>• জন্ম ও মৃত্যু নিবন্ধনের ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন উপজেলা নির্বাহী কর্মকর্তার নিকট প্রেরণ;<br>• বিধি মোতাবেক রেকর্ড সংরক্ষণ নিশ্চিত করণ;<br>• ইউনিয়ন পরিষদের মাসিক সভায় নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে জন্ম ও মৃত্যু নিবন্ধনের অগ্রগতি মূল্যায়ন এবং তার ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; এবং<br>• সকলের জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিত করতে সার্বিক ব্যবস্থা গ্রহণ। |

**৮. সিটি কর্পোরেশন/পৌরসভা/ ইউপি'র ওয়ার্ড জন্ম ও মৃত্যু নিবন্ধন টাস্ক ফোর্স:**

| গঠন | দায়িত্ব |
|---|---|
| ১. সংরক্ষিত আসনের কাউন্সিলর/সদস্য- উপদেষ্টা<br>২. কাউন্সিলর/সদস্য- (সিটি কর্পোরেশন/পৌর/ ইউপি - সভাপতি<br>৩. সংশ্লিষ্ট স্বাস্থ্য সহকারী/অনুরূপ দায়িত্বে নিয়োজিত কর্মচারী - সদস্য<br>৪. সংশ্লিষ্ট পরিবার কল্যাণ সহকারী/অনুরূপ দায়িত্বে নিয়োজিত কর্মচারী - সদস্য<br>৫. সদস্য-সচিব (সভাপতি কর্তৃক মনোনীত) | • জন্ম ও মৃত্যু নিবন্ধনের গুরুত্ব সম্পর্কে প্রচার এবং এ বিষয়ে জনসাধারণকে উৎসাহিত করণ;<br>• জন্ম ও মৃত্যু নিবন্ধনকে ওয়ার্ড সভার নিয়মিত আলোচ্য সূচির অন্তর্ভুক্তকরণ;<br>• জন্ম-মৃত্যুর তথ্য সংগ্রহে গ্রামপুলিশ-কর্মচারীদের সহায়তা ও উৎসাহ প্রদান;<br>• স্বাস্থ্য বিভাগ এবং পরিবার কল্যাণ বিভাগের মাঠ কর্মীদের প্রয়োজনীয় সহযোগিতা প্রদান এবং তাদের নিকট থেকে শিশু জন্মের আগাম তথ্য (ইডিডি) সংগ্রহপূর্বক ইউপি/পৌর/ক্যান্টবোর্ড/সিটি কর্পোরেশন অফিসে জমা দান;<br>• জন্ম ও মৃত্যু নিবন্ধনের আবেদন ফরমের প্রাপ্যতা নিশ্চিতকরণ; এবং<br>• প্রতি মাসে কমপক্ষে এক বার জন্ম ও মৃত্যু নিবন্ধনের অগ্রগতি পর্যালোচনা বিষয়ক সভা অনুষ্ঠান করা। |

(হেলালুদ্দীন আহমদ)
সিনিয়র সচিব

স্মারকনং-৪৬.০০.০০০০.০১৮.২৩.০০১.১৭-৩৯২

তারিখ : ০৩ ভাদ্র ১৪২৮
১৮ আগস্ট ২০২১

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শেরে বাংলানগর, ঢাকা।
৫. সিনিয়র সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০. রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন, পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা।
২১. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো।
২২. বিভাগীয় কমিশনার (সকল)।
২৩. মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
২৪. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর।
২৫. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
২৬. জেলা প্রশাসক (সকল)।
২৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল)।
২৮. জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ক টাস্ক ফোর্সের সদস্য (সকল)।
২৯. উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)।
৩০. ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার (সকল)।
৩১. মেয়র, পৌরসভা (সকল)।
৩২. কাউন্সিলর, সিটি কর্পোরেশন/পৌরসভা (সকল)।
৩৩. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)।
৩৪. ইউনিয়ন পরিষদ সদস্য (সকল) ও
৩৫. ইউনিয়ন পরিষদ সচিব (সকল)।

১৮/৮/২১

(মো: আকবর হোসেন)
উপসচিব
ফোন : ৯৫১৪১৯০
up2lgd@gmail.com